# AKASHVANI KOLKATA

## Regional News Unit

**Date: 15.07.2026** **Time: 1.40**

**************************************************************************

নির্বাচনী প্রচার পর্বে ডিজে সংক্রান্ত মন্তব্যের প্রেক্ষিতে সিআইডি, আজ তৃণমূল কংগ্রেস সাংসদ অভিষেক ব্যানার্জীর কণ্ঠস্বরের নমুনা সংগ্রহ করেছে। কলকাতা হাইকোর্টের নির্দেশ মত অভিষেক ব্যানার্জী ১২ টার কিছুক্ষণ আগে বিধাননগর মহকুমা আদালতে হাজিরা দেন। এই উপলক্ষ্যে আদালত চত্বরে ব্যাপক নিরাপত্তার বন্দোবস্ত করা হয়। দুপুর দেড়টা নাগাদ আদালত চত্বর থেকে বেরিয়ে যান অভিষেক।

উল্লেখ্য এর আগে আদালত দুবার কণ্ঠস্বরের নমুনা দিতে বললেও অভিষেক তা এড়িয়ে যান। সম্প্রতি কলকাতা হাইকোর্ট অভিষেক ব্যানার্জীকে মামলায় সহযোগিতা করার নির্দেশ দেয়। তার রক্ষাকবচ প্রত্যাহার করে নেওয়ার হুঁশিয়ারিও দিয়েছিল আদালত।

এদিকে, রাজ্যে পালাবদলের পর বিভিন্ন থানায়, তার নামে অযৌক্তিক অভিযোগ দায়ের করা হচ্ছে বলে উল্লেখ করে অভিষেক ব্যানার্জী কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন। বিরোধী রাজনৈতিক কণ্ঠস্বরকে দমন করতে রাজনৈতিক প্রতিহিংসা বশত এই অভিযোগগুলি করা হচ্ছে বলে অভিষেকের আইনজীবী জানিয়েছেন। বিচারপতি সৌগত ভট্টাচার্য্য, রাজ্যের অতিরিক্ত অ্যাডভোকেট জেনারেল বিল্বদল ভট্টাচার্য্যকে এবিষয়ে আগামী বুধবার আদালতে রিপোর্ট জমা দেওয়ার মৌখিক নির্দেশ দিয়েছেন। অভিষেকের নামে রাজ্যের কোথায় কতগুলি অভিযোগ দায়ের হয়েছে, তা ঐ রিপোর্টে জানাতে হবে।

অন্যদিকে, রাজ্যের মানুষ উন্নয়নে চাইছে, অপরাধীদের বিষয়ে জানতে তারা আগ্রহী নন বলে জানিয়েছেন, বিজেপি রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য।

**************************************************************************

দক্ষিণ ২৪ পরগণার সূর্যপুরে গণপিটুনীতে ইন্দ্রজিত্‌ মন্ডল নামে এক যুবককে হত্যা মামলায় ধৃতের সংখ্যা বেড়ে হয়েছে- ৮। সাকিম লস্কর নামে ঐ ব্যক্তিকে গতকাল পাকড়াও করে পুলিশ। আজ তাকে বারুইপুর মহকুমা আদালতে তোলা হবে। তদন্তে অগ্রগতির ভিত্তিতে আগামী দিনে আরও গ্রেপ্তারি হতে পারে বলে পুলিশ জানিয়েছে।

**************************************************************************

কামদুনি নির্যাতিতার পরিবার আজ সল্টলেকে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর ‘জনতার দরবার’ কর্মসূচীতে, তাঁর সঙ্গে সাক্ষাত্‌ করেছে। ঐ ঘটনার অপরাধীদের কঠোরতম সাজার দাবি জানিয়েছেন তারা। কামদুনির দুই প্রতিবাদী টুম্পা ও মৌসুমী কয়াল তাদের সঙ্গে ছিলেন।

***********************************************************************

কলকাতা হাইকোর্ট, মমতা ব্যানার্জীর নেতৃত্বে কালীঘাট তৃণমূল কংগ্রেসকে, বিড়লা প্ল্যানেটরিয়ামের কাছে ২১শে জুলাই শহীদ দিবস পালনের অনুমতি দিয়েছে। দুপুর ১২ টা থেকে ৩’টে পর্যন্ত সর্বাধিক আড়াই হাজার কর্মী সমর্থক নিয়ে সমাবেশ করা যাবে। এব্যাপারে পুলিশকে পর্যাপ্ত নিরাপত্তার ব্যবস্থা নেওয়ার নির্দেশ দিয়েছেন বিচারপতি সৌগত ভট্টাচার্য।

উল্লেখ্য, তৃণমূল কংগ্রেসের বিক্ষুব্ধ গোষ্ঠী ময়দানে গান্ধী মূর্তির পাদদেশে এবং প্রদেশ কংগ্রেস, শহীদ মিনারের কাছে এবার ২১শে জুলাই পালন করবে।

***********************************************************************

ভারত-ব্রিটেনের মধ্যে মুক্ত বাণিজ্য চুক্তি আজ থেকে কার্যকর হচ্ছে। এই উপলক্ষ্যে কলকাতা থেকে ব্রিটেনের অভিমুখে পণ্য পাঠানোর কাজের আনুষ্ঠানিকভাবে ‘ফ্ল্যাগ অফ’ করা হবে। কলকাতার নেতাজি সুভাষচন্দ্র বসু আন্তর্জাতিক বিমানবন্দরে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। বৈদেশিক বাণিজ্য দপ্তর, জেম অ্যান্ড জুয়েলারি এক্সপোর্ট প্রোমোশন কাউন্সিল, সীমা শুল্ক কর্তৃপক্ষ, ভারতের বিমানবন্দর কর্তৃপক্ষ এবং এই ক্ষেত্রের সঙ্গে সংশ্লিষ্ট বেশ কয়েকটি প্রতিষ্ঠানের সঙ্গে মিলিতভাবে এর আয়োজন করেছে।
মূলত ভারত-ব্রিটেন মুক্ত বাণিজ্য চুক্তির সূচনাকে স্মরণীয় করে রাখতেই এই অনুষ্ঠান।

***********************************************************************

ব্যাঙ্ক জালিয়াতির একটি মামলায় কলকাতা পুলিশের বিশেষ দল, হাওড়া থেকে তিন জনকে গ্রপ্তার করেছে। উদ্ধার হয়েছে নগদ এক কোটি ৫৫ লক্ষ টাকা। অভিযোগ, একটি রাষ্ট্রয়াত্ত্ব ব্যাঙ্ক থেকে জমির জাল নথি দেখিয়ে প্রায় চার কোটি টাকা ঋণ নেওয়া হয়েছিল। ধৃতরা সকলেই তৃণমূল কংগ্রেস ঘনিষ্ঠ বলে জানা গেছে।

***********************************************************************

নদিয়ার কল্যাণীর বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ে শুরু হয়েছে রাজ্যস্তরের কাঠাল মেলা ও প্রদর্শনী। রাজেয়র অন্তত ৫০ টি প্রজাতির কাঠাল সেখানে প্রদর্শিত হচ্ছে। ১৫০ জন কৃষককে কাঁঠাল থেকে জুস বানানো, বীজের গুড়ো দিয়ে আচার এবং স্বাস্থ্যকর পানীয় তৈরির কৌশল শেখানো হবে।

কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য্য ডক্টর অশোক কুমার পাত্র বলেছেন, প্রদশনীতে কাঁঠালের নানান প্রজাতির সংরক্ষণ এবং বিপনন কৌশল সম্পর্কেও শেখানো হবে।

*************************************************************************

উত্তর বঙ্গোপসাগর এবং সংলগ্ন পশ্চিম বাংলাদেশের উপর একটি নিম্নচাপ এলাকা তৈরি হওয়ার সম্ভাবনা। পাশাপাশি, রাজ্যের উপর দিয়ে সক্রিয় মৌসুমী অক্ষরেখা বিস্তৃত থাকায় বেশ কিছু জেলায় ভারী বৃষ্টির পূর্বাভাস। আগামীকাল থেকে দক্ষিণবঙ্গে বৃষ্টির পরিমান আরো কিছুটা বাড়বে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। আজ উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা পূর্ব ও পশ্চিম মেদিনীপুর এবং ঝাড়গ্রাম জেলায় ভারী বৃষ্টির পূর্বাভাস রয়েছে।

এদিকে উত্তরবঙ্গে দার্জিলিং ও জলপাইগুড়ি জেলায় রয়েছে ভারী বৃষ্টির হলুদ সর্তকতা।

*************************************************************************

আগামীকাল রথযাত্রা। এই উপলক্ষ্যে রাজ্যের বিভিন্ন প্রান্তে রথ যাত্রা কমিটিগুলির প্রস্তুতি প্রায় শেষ পর্যায়ে। হুগলির মাহেশ, গুপ্তিপাড়া, পূর্ব মেদিনীপুরের মহিষাদল, হাওড়ার আন্দুল, বাঁকুড়ার বিষ্ণুপুর, নদীয়ার মায়াপুরের ইস্কনে রথযাত্রা ও মেলাকে ঘিরে আজ থেকেই ভিড় জমাচ্ছেন মানুষ।

*************************************************************************